

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-০২ (লেভেল-৪,৫,৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।
www.bfsa.gov.bd

প্রেস রিলিজ

বিএফএসএ এবং ল্যান্ড ও'লেক সমঝোতা স্মারক স্বাক্ষর
১১ এপ্রিল ২০২২, সোমবার, ঢাকা:

আজ ১১ এপ্রিল বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সাথে ল্যান্ড ও'লেক ভেনসার৩৭ এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সকাল ১১টায় কর্তৃপক্ষের সম্মেলন কক্ষে অনুষ্ঠেয় এ সমঝোতা স্মারক অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল কাইউম সরকার।


বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের পক্ষে স্বাক্ষর করেন কর্তৃপক্ষের চেয়ারম্যাব জনাব মোঃ আব্দুল কাইউম সরকার এবং লেন্ড ও'লেক ভেনসার৩৭ এর পক্ষে স্বাক্ষর করেন প্রকল্প পরিচালক জনাব মাইকেল জে. বার।

প্রধান অতিথির বক্তব্যে মোঃ আব্দুল কাইউম সরকার বলেন, এ সমঝোতা স্মারক নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ আমদানি ও রপ্তানির ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বৈশ্বিক বাণিজ্যে কৃষি ও খাদ্যপণ্য আমদানি- রপ্তানির ক্ষেত্রে খাদ্য নিরাপদতা মুখ্য ভূমিকা পালন করে। এজন্য মাইকেল জে. বার খাদ্যের নিরাপদতা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান।

আইন বিধি ও প্রবিধি সংস্কার, ই-হেলথ সার্টিফিকেট ও অন্যান্য সনদ, ঝুঁকি ব্যবস্থাপনা, ল্যাবরেটরি টেস্টিং, কোডেক্স কমিটি তৈরীতে সমন্বয়, নমুনা সংগ্রহ এবং দ্রুত সতর্কীকরণ পদ্ধতি (আরএএস) ইত্যাদি বিষয়ে উভয়পক্ষ সহযোগিতার হাত বাড়িয়ে দিবে।

এতে আরো উপস্থিত ছিলেন কর্তৃপক্ষের সদস্য জনাব মোঃ রেজাউল করিম, জনাব মঞ্জুর মোর্শেদ আহমেদ, প্রফেসর ড. আব্দুল আলীম এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সচিব জনাব আব্দুন নাসের খানসহ আরো অনেকে।



১১-০৪-২০২২

আবুল হাসনাত

জনসংযোগ কর্মকর্তা

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ফোন: ০১৭১৮ ২৭৫৭৮৫